

# NYC PS+YOU

Public Schools From Chancellor David C. Banks

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



NYC রিডস্: প্রতিটি শিক্ষার্থী একজন আত্মবিশ্বাসী পাঠক হয়ে উঠছে তা নিশ্চিত করে

প্রিয় নিউ ইয়র্কবাসী,

প্রতিদিন, আমাদের ছেলেমেয়েদের উজ্জ্বল সম্ভাবনা এবং তাদের ও আমাদের শিক্ষাবিদদের জন্য আমাদের আরো কিছু করার প্রয়োজনীয়তা আমাকে প্রভাবিত করে। কোথায় আমাদের নিবিড় মনোনিবেশ করা প্রয়োজন সেটা আমার কাছে স্ফটিকের মত স্বচ্ছ। আমাদের ছেলেমেয়েদের যেভাবে আমরা পড়তে শেখাই তা আমাদের উন্নত করতে হবে।

উপাত্ত থেকেই সবকিছু বোঝা যায়। এই মুহূর্তে, নিউ ইয়র্ক সিটির 51 শতাংশ এলিমেন্টারি শিক্ষার্থী—এবং জাতীয়ভাবে দুই-তৃতীয়াংশ শিক্ষার্থী—গ্রেড স্তর অনুযায়ী পড়ছে না। এটা আমাদের জীবদ্দশার সবচেয়ে বড় শিক্ষাগত সঙ্কট, এবং আমরা এবিষয়ে কিছু করবো।

এই সপ্তাহে, সাক্ষরতা (লিটারেসি) ও পঠনের (রিডিং) শিক্ষা-নির্দেশনার প্রতি মূল মনোনিবেশের ঘোষণা দিতে এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোর অগ্রাধিকার প্রতিস্থাপনের একটি সিটিব্যাপী মাইলফলক স্বরূপ প্রচারাভিযান হিসেবে, [মেয়র এরিক অ্যাডামস্](#) এবং আমি “NYC রিডস্” ঘোষণা দিয়েছি। এই প্রচারাভিযানের কেন্দ্রস্থলে রয়েছে আর্লি চাইল্ডহুড এডুকেশন কর্মসূচিগুলো থেকে শুরু করে—আমরা আপনাদের ছেলেমেয়েদের যে সাক্ষরতার শিক্ষা-নির্দেশনা প্রদান করি—এবং আমরা তাদের শিক্ষকদের যে প্রশিক্ষণ প্রদান করি, সেগুলো নাটকীয়ভাবে বলিষ্ঠ করার নতুন পরিকল্পনা।

রিডিং (পঠন) বিষয়ক বিজ্ঞান আমাদের দেখিয়েছে কী কাজ করে, এবং তা হচ্ছে শব্দভাণ্ডার, সাবলিলতা, এবং অনুধাবন গড়ে তুলতে প্রয়োজন যৌগিকবর্ণের ধ্বনিতত্ত্ব (ফনিকস্) আর মৌলিক দক্ষতাসমূহ (যেমন উচ্চারণ করা এবং শব্দের অর্থ উদ্ধার)। শিক্ষকগণ আমাদের জানিয়েছেন যে তারা ক্লাসরুমে যা করছেন তার সাথে সংযুক্ত বিষয়সমূহ যেগুলোতে কাজ হয়, সেগুলোতে তারা কোচিং ও পেশাগত শিক্ষণ দ্বারা সমর্থিত সুস্পষ্ট পথনির্দেশনা চান। এবং আমরা তাদেরকে তা দেব।

রিডিং বিষয়ক বিজ্ঞানে শিকড় গাঁথা একগুচ্ছ সুবিন্যস্ত ক্লাসরুমের উপকরণের প্রতি মনোনিবেশ করার পাশাপাশি, [NYC রিডস্ আগামী দুই বছর সকল আর্লি চাইল্ডহুড এডুকেশন প্রোগ্রাম এবং এলিমেন্টারি স্কুলগুলোকে তার ছত্রছায়ায় নিয়ে আসবে](#)। আমাদের ডিস্ট্রিক্টগুলোর প্রায় অর্ধেক তাদের সব এলিমেন্টারি স্কুলে ব্যবহারের জন্য একটি পাঠ্যক্রম বেছে নিয়ে সেপ্টেম্বর থেকে শুরু করবে। আমাদের অবশিষ্ট ডিস্ট্রিক্টগুলো 2024-এর হেমন্তে (ফল-এ) এই কর্মসূচিতে যোগ দেবে। আমাদের অধিকাংশ আর্লি চাইল্ডহুড প্রোগ্রামগুলো এই হেমন্তে (ফলে) শুরু করবে, এবং বাকিগুলো আগামী বছর যোগ দেবে।

এর অর্থ হচ্ছে যে, দুই বছরের মাঝে, নিউ ইয়র্ক সিটির প্রতিটি আর্লি চাইল্ডহুড এডুকেশন প্রোগ্রাম এবং এলিমেন্টারি স্কুল একটি উন্নত, গবেষণা-সমর্থিত পাঠ্যক্রম ব্যবহার করবে যা আত্মবিশ্বাসী পাঠক হবার জন্য প্রয়োজনীয় মৌলিক দক্ষতা শেখানোর প্রতি মনোনিবেশকৃত।

মেয়র অ্যাডামস্ এবং আমি মনে করি এটা ক্লাসরুমে উল্লেখযোগ্য পরিবর্তন আনবে, বিশেষ করে সকল শিক্ষার্থীদের আত্মবিশ্বাসী পাঠক হিসেবে গড়ে উঠতে শেখানোর ক্ষেত্রে—যা একটি ফলপ্রসূ পেশা এবং দীর্ঘমেয়াদী অর্থনৈতিক নিরাপত্তার পথ পরিক্রমার পাশাপাশি পরিবর্তনের একটি ইতিবাচক শক্তি হিসেবে সুসজ্জিত হয়ে প্রতিটি শিক্ষার্থী গ্র্যাজুয়েট হচ্ছে—আমাদের এই লক্ষ্য পূরণের পথে একটি অত্যাবশ্যকীয় অপরিহার্য ধাপ।

নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলস্-এর অংশ হবার এবং আপনার সন্তানের শিক্ষায় আপনার অঙ্গীকারের জন্য ধন্যবাদ। একত্রে কাজ করে, প্রতিটি ক্লাসরুমের প্রতিটি শিক্ষার্থীকে একটি বলিষ্ঠ, সীমাহীন ভবিষ্যতের জন্য একটি উজ্জ্বল শুরু ও সুস্পষ্ট পথে অগ্রসর করতে—একটি দৃঢ় শিক্ষাগত ভিত্তি প্রদানে আমরা মনোনিবেশ করবো এবং সহায়তা দেব।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

জাতীয় শিক্ষা বিষয়ক নেতা কেভিন চ্যাভোস (Kevin Chavous) আয়োজিত [এই পডকাস্টে](#) পাবলিক এডুকেশন নতুন আঙ্গিকে সাজানোর দর্শন সম্পর্কে চ্যান্সেলর ব্যাংকস্-এর কথপোকথন শুনুন।

## আমাদের সাপ্তাহিক ভিডিও

অনুগ্রহ করে চ্যানেলের NYC রিডস বিষয়ক ঘোষণা থেকে নেয়া এই উল্লেখযোগ্য অংশগুলো উপভোগ করুন:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

\*অনুদিত ক্যাপশনের জন্য: "CC" আইকনে ক্লিক করুন। "Setting" আইকনে ক্লিক করুন এবং "Subtitles/CC" বেছে নিন। "Auto-translate" বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

আপনি যদি PS+You ইমেইল বার্তাগুলো আর পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্ক্রাইব](#) করুন।